

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
আগারগাঁও, ঢাকা।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের ওপর স্থিরচিত্র প্রদর্শনী উদ্বোধন

০৫.০৮.২০২১ বৃহস্পতিবার :

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের ওপর পক্ষকালব্যাপী স্থিরচিত্র প্রদর্শনী তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ মকবুল হোসেন উদ্বোধন করেন। এ প্রদর্শনী আগামী ২০ আগষ্ট ২০২১ তারিখ পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত থাকবে। উল্লেখ্য এ প্রদর্শনীতে জাতির পিতা, তাঁর পরিবার এবং মহান মুক্তিযুদ্ধের ২ শতাধিক স্থিরচিত্র স্থান পায়।

বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রজেকশন হলে (স্বাস্থ্যবিধি মেনে) আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে সম্মানিত সচিব তার বক্তব্যে বলেন, 'জাতীয় ঐতিহ্য ও ইতিহাস সংরক্ষণে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ অনবদ্য ভূমিকা পালন করছে। তিনি বলেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক আগ্রহের ফলেই দৃষ্টিনন্দন ভবনটি নির্মিত হয়েছে। এখানে আগ্রহী ছাত্র-শিক্ষক, গবেষক এবং দেশী-বিদেশী চলচ্চিত্রবোদ্ধাগণ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের লাইব্রেরি সেবার মাধ্যমে উপকৃত হবেন। ফলে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মের কাছে চলচ্চিত্রের ইতিহাস ও ঐতিহ্য পৌঁছে দেয়া সহজ হবে'।

এর পূর্বে তিনি বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ফিল্ম মিউজিয়াম, অডিটোরিয়াম, প্রজেকশন হল, লাইব্রেরি ও বিশেষায়িত ভল্ট পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি বাংলাদেশ ফিল্ম আর্কাইভ চত্বরে একটি ফলজ বৃক্ষের চারা রোপন করেন। এসময় বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক মোঃ নিজামুল কবীর উপস্থিত ছিলেন।

০৫/০৮/২১
মিতা বড়ুয়া
উপ-সহকারী প্রোগ্রামার
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, তথ্য মন্ত্রণালয়, ঢাকা

মোঃ নিজামুল কবীর
মহাপরিচালক
ফোন: ৯২-৫৮১৫১৪৫৫
ইমেইল: bfarchivabd@gmail.com

- বিতরণ: (স্বাক্ষরিত প্রতিলিপিতে নয়)
- ১। প্রধান তথ্য কর্মকর্তা/সহ প্রধান কর্মকর্তা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ২। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রাসপুরা, ঢাকা।
 - ৩। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।